গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর
www.bbagc.edu.bd

ই-মেইল : bbacollege@gmail.com

তারিখঃ ৩১/০৮/২০২৬ খ্রি.

**২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুরুর সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি**

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক প্রকাশিত স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১৫৯০, তারিখ: ২৪ আগস্ট, ২০২৬ এর একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৬ মোতাবেক ভাওয়াল বদরে আলম সরকারি কলেজে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ও মানবিক বিভাগে অনলাইনে শিক্ষার্থী ভর্তি করা হবে। এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। বিভাগ ভিত্তিক আসন সংখ্যা ও আবেদনের ন্যূনতম যোগ্যতা নিম্নরূপঃ

| ক্রমিক নং | বিভাগ | আসন সংখ্যা | আবেদনের ন্যূনতম যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | বিজ্ঞান | ২৫০ | ৪.৭৫ |
| ০২ | ব্যবসায় শিক্ষা | ৩৫০ | ৪.০০ |
| ০৩ | মানবিক | ৪০০ | ৪.০০ |

**১. ভর্তির আবেদনের ওয়েবসাইটঃ** www.xiclassadmission.gov.bd

**২. ভর্তির যোগ্যতা ও গ্রুপ নির্বাচনঃ**

ক) পূর্ববর্তী ০২ (দুই) বছরে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৬ অনুসারে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

খ) বিদেশি কোন বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠান হতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক তার সনদের মান নির্ধারণের পর একাদশ শ্রেণিতে ভর্তি নীতিমালা-২০২৬ এর ধারা (২.১) এর অধীনে ভর্তির যোগ্য বিবেচিত হবে।

গ) ভর্তির আবেদনে একজন প্রার্থী নিম্নরূপ গ্রুপ নির্বাচন করতে পারবেঃ

- বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোনটি;
- মানবিক গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোনটি;
- ব্যবসায় শিক্ষা গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক গ্রুপ এর যে কোনটি;
- মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে বিজ্ঞান গ্রুপে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোনটি এবং সাধারণ ও মুজাব্বিদ মাহির গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান গ্রুপ ব্যতীত যে কোনটি;
- কারিগরি শিক্ষা বোর্ড হতে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ সাধারণ শিক্ষা বোর্ডের যে কোন গ্রুপে ভর্তির আবেদন করতে পারবে।

**৩. ভর্তির আবেদন, ফলাফল প্রকাশ ও নিশ্চায়নের সময়সূচি নিম্নরূপঃ**

| ক্রমিক নং | বিষয় | তারিখ |
|---|---|---|
| ০১ | ভর্তি জন্য অনলাইনে আবেদন গ্রহণ | ০২/০৯/২০২৬ (বুধবার) থেকে ১০/০৯/২০২৬ (বৃহস্পতিবার) রাত ৮:০০ টা পর্যন্ত |
| ০২ | পুনঃনিরীক্ষণসহ পুনঃমূল্যায়নে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ | ১২/০৯/২০২৬ (শনিবার) থেকে ১৩/০৯/২০২৬ (রবিবার) রাত ৮:০০ টা পর্যন্ত |
| ০৩ | পছন্দক্রম পরিবর্তনের সময় | ১২/০৯/২০২৬ (শনিবার) থেকে ১৩/০৯/২০২৬ (রবিবার) রাত ৮:০০ টা পর্যন্ত |
| ০৪ | নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ১৬/০৯/২০২৬ (বুধবার) রাত ৮:০০ টা |
| ০৫ | শিক্ষার্থীদের নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে নির্বাচন এবং আবেদন বাতিল হবে) | ১৮/০৯/২০২৬ (শুক্রবার) রাত ৮:০০ টা |
| ০৬ | পছন্দক্রম অনুযায়ী মাইগ্রেশনের ফল প্রকাশ | ১৯/০৯/২০২৬ (শনিবার) রাত ৮:০০ টা |
| ০৭ | ভর্তি | ২০/০৯/২০২৬ (রবিবার) থেকে ২২/০৯/২০২৬ (মঙ্গলবার) পর্যন্ত |
| ০৮ | ক্লাস শুরু | ২৩ সেপ্টেম্বর, ২০২৬ (বুধবার) |

**বি. দ্রঃ প্রয়োজনীয় সকল তথ্য কলেজ ওয়েবসাইট www.bbagc.edu.bd-এ পাওয়া যাবে।**

31.8.26
অধ্যক্ষ
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর

অধ্যক্ষ
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর